UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

**Ref:** **Date**: ১৮ জুন ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

# বিনা কারণে ১৩ শিক্ষক ও দোকানীকে শারীরিক নির্যাতনের নিন্দা ও প্রতিবাদ

রাঙামাটির লংগদু উপজেলাধীন কাট্টলীতে জনসংহতি সমিতির সন্তু গ্রুপের সশস্ত্র সদস্য কর্তৃক স্কুলের প্রধান শিক্ষক ও বাকপ্রতিবন্ধীসহ ১৩ জন শিক্ষক ও দোকানদারের ওপর অমানুষিক শারীরিক নির্যাতনের ঘটনাকে 'অমানুষিক, কাপুরুষোচিত ও মধ্যযুগীয় বর্বরতা' বলে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন ইউপিপিডিএফ রাঙামাটি জেলা ইউনিটের অন্যতম সংগঠক সচল চাকমা।

আজ ১৮ জুন ২০২৫, বুধবার, সংবাদ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে তিনি জানান, 'গতকাল (১৭ জুন) ভুক্তভোগীরা জেএসএস সন্তু গ্রুপের নির্দেশ অমান্য করে এলাকার কতিপয় সমস্যা বিষয়ে আলোচনার জন্য ইউপিডিএফের স্থানীয় নেতাদের সাথে দেখা করতে গেলে বিকেল ৫টার দিকে জেএসএস সন্তু গ্রুপের সশস্ত্র কমান্ডার রিটেন তাদেরকে আটকায় এবং তাদের ওপর অকথ্য শারীরিক নির্যাতন চালায়। ফলে শরীরে জখম নিয়ে ছাড়া পাওয়ার পর তাদেরকে চিকিৎসা নিতে হয়।

'আজও জেএসএস সন্তু গ্রুপের কমান্ডার রিটেনের নির্দেশে ভুক্তভোগীরা তার সাথে দেখা করতে যেতে বাধ্য হয়েছেন। এই বিবৃতি লেখার সময়ও তারা ফিরে আসেননি।'

জেএসএস সন্তু গ্রুপকে রাজনৈতিক ও আদর্শিকভাবে দেউলিয়াগ্রস্ত আখ্যায়িত করে ইউপিডিএফ নেতা বলেন, একটি বিশেষ মহলের স্বার্থ উদ্ধার ও আঞ্চলিক পরিষদের গদি রক্ষা করতে তারা এভাবে গণবিরোধী ফ্যাসিস্ট ভূমিকায় অবতীর্ণ হয়েছে এবং জনগণের আন্দোলনের পথের কাঁটা হয়ে দাঁড়িয়েছে।

তিনি জেএসএস সন্তু গ্রুপের সদস্যদেরকে ভুল পথ পরিহার করে জনগণের ন্যায়সঙ্গত আন্দোলনে সামিল হওয়ার আহ্বান জানান, নচেৎ জনগণ তাদের ক্ষমা করবে না বলে হুঁশিয়ার করে দেন।


সচল চাকমা তাদরেকে স্মরণ করিয়ে দিয়ে বলেন, 'সমস্ত রাষ্ট্রশক্তি ব্যবহার করেও, কয়েক হাজার লোককে হত্যা, গুম, নির্যাতন করেও ফ্যাসিস্ট হাসিনা টিকতে পারেনি। সন্তু লারমাও খুন, অপহরণ, নির্যাতন চালিয়ে বেশিদিন ক্ষমতায় থাকতে পারবে না। তার পরিণতিও একদিন হাসিনার মতো হতে বাধ্য।'

তিনি ৫ আগস্ট গণঅভ্যুত্থানের চেতনা ধারণ করে ঐক্যবদ্ধ হয়ে ইউপিডিএফের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে জেএসএস সন্তু গ্রুপ হটানোর আন্দোলনে সামিল হওয়ার জন্য সকল স্তরের জনগণের প্রতি আহ্বান জানান।

জেএসএস সন্তু গ্রুপের শারীরিক নির্যাতনের শিকার ব্যক্তিরা হলেন, ১) কাটলী উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক অভয় চাকমা, বয়স: ৫৮, পিতা- শুভ কুমার চাকমা; ২) রাধামন বাজারের দোকানদার সুবর্ণ জীবন চাকমা, বয়স: ৬০ বছর, পিতা- প্রভাত কুমার চাকমা; ৩) বামে খাড়িকাটা সরকারি প্রাথমিক সহকারী শিক্ষক বিদ্যধন চাকমা, বয়স-

৫৫ বছর, পিতা- ঝরবো ধন চাকমা; ৪) কাউলী উচ্চ বিদ্যালয়ের খণ্ডকালীন শিক্ষক বিমল জ্যোতি চাকমা, বয়সঃ ৩৫ বছর, পিতা- নন্দ কুমার চাকমা; ৫) সহকারী শিক্ষক লিটু চাকমা, বয়সঃ ৩৫ বছর, পিতাঃ অজ্ঞাত; ৬) খণ্ডকালীন শিক্ষক বাবুল চাকমা, বয়সঃ ৪২ বছর, পিতা- অজ্ঞাত; ৭) রাধামন বাজারের দোকানদার দাশ চাকমা, বয়সঃ ৫৫ বছর, পিতা- হরিশ্চন্দ্র চাকমা; ৮) বীর রঞ্জন চাকমা, বয়সঃ ৪৭ বছর, পিতা শ্যাম চন্দ্র চাকমা; ৯) প্রেম লাল চাকমা, বয়সঃ ৫৮ বছর, পিতা- দশরথ চাকমা; ১০) বিরাজ মোহন চাকমা, বয়সঃ ৩৮ বছর, পিতা- অজ্ঞাত; ১১) জ্যোতি চাকমা, বয়সঃ ৫২ বছর, পিতা- অজ্ঞাত; ১২) রাধামন বাজারের দোকানদার লিটন চকমা, বয়স- ৪০ বছর, পিতা- অজ্ঞাত; ও ১৩) বাক-প্রতিবন্ধী মরত ছবো চাকমা, বয়সঃ ৩৫ বছর, পিতাঃ অজ্ঞাত। তারা সবাই কাউলী মাস্টারপাড়ার বাসিন্দা।

বার্তা প্রেরক



**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।